



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০ (খন্ড-১)/৭৭

তারিখ: ০৭.০৫.২০২০ খ্রি.

বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২৬ সালে ভর্তিকৃত ৬ষ্ঠ, ৬ষ্ঠ (মাদ্রাসা) এবং ২০২৫-২৬ শিক্ষাবর্ষের একাদশ ও আলিম ১ম বর্ষ শ্রেণির উপবৃত্তি প্রাপ্তির যোগ্য শিক্ষার্থীদের তথ্য HSP-MIS সফটওয়্যারে এন্ট্রি ও প্রেরণের সময়সীমা বৃদ্ধি।

সূত্র: এসইডিপি/ এইচএসপি/ মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/৫৮; তারিখ: ১৬.০৪.২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীনে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২৬ সালে ভর্তিকৃত ৬ষ্ঠ, ৬ষ্ঠ (মাদ্রাসা) এবং ২০২৫-২৬ শিক্ষাবর্ষের একাদশ ও আলিম ১ম বর্ষ শ্রেণির উপবৃত্তি প্রাপ্তির যোগ্য শিক্ষার্থীদের তথ্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক HSP-MIS সফটওয়্যারে এন্ট্রি ও উপজেলায় প্রেরণের সময়সীমা ০৭.০৫.২০২০ খ্রি. তারিখ পর্যন্ত নির্ধারিত ছিলো।

- ০২। বিশেষ বিবেচনায় শিক্ষা প্রতিষ্ঠান পর্যায় থেকে HSP-MIS সফটওয়্যারে শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি এবং উপজেলায় প্রেরণ করার সময়সীমা আগামী ১৪.০৫.২০২০ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক HSP-MIS সফটওয়্যারে তথ্য এন্ট্রি এবং প্রেরণ অপশন ১৪.০৫.২০২০ খ্রি তারিখ রাত ১২ টায় স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।
- ০৩। সকল উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক HSP-MIS সফটওয়্যারে উপজেলা/থানায় প্রেরিত তথ্যাদি উপজেলা উপদেষ্টা কমিটির সভায় যাচাই বাছাই করে সুপারিশকৃত শিক্ষার্থীদের তথ্য চূড়ান্ত অনুমোদনের জন্য HSP/PMEAT- তে প্রেরণ করার সময়সীমা ১৯.০৫.২০২০ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।
- ০৪। হেল্প লাইন নম্বর: অফিস চলাকালীন সময়ে সকাল ৯.০০ ঘটিকা থেকে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত (মোবাইল নং- ০১৩১৬৬৫৮২৩০ ও ০১৩১৬৬৫৮৫২৯) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।
- ০৫। সময়সীমা বর্ধিতকরণের তথ্য তাঁর উপজেলাধীন শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৫৫০০২০৭৩

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ০৪। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৬। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৭। প্রোগ্রাম এনালিস্ট/উইটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS, অর্থ বিভাগ (পত্রের আলোকে HSP-MIS এ যথাযথ পদক্ষেপ গ্রহণ এবং এন্ট্রি চলাকালীন সময়ে HSP-MIS পর্যবেক্ষণের অনুরোধসহ)।

- ০৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা (দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক কার্যক্রম পরিবেক্ষণের অনুরোধসহ)।
- ১১। উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সভাপতি উপজেলা উপদেষ্টা কমিটি, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (সকল উপজেলা)।
- ১২। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা (কার্যক্রম পরিবেক্ষণের জন্য)।
- ১৩। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (স্কিমভুক্ত উচ্চ মাধ্যমিক ও সমমান পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান)।
- ১৪। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৫। সহকারী প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (পিএমইএটি-এর ওয়েবসাইটে প্রকাশ ও HSP-MIS সফটওয়্যারে শিক্ষার্থীর তথ্য এন্ট্রির অপশন চালু করার অনুরোধসহ)।